

া সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৯২১

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)

পরিচ্ছেদঃ ৫/৩০. ইমামের সালামের জবাব দেয়া।

بَاب رَدِّ السَّلَامِ عَلَى الْإِمَامِ

আরবী

حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ عَيَّاشٍ، حَدَّثَنَا أَبُو بَكْرِ الْهُذَلِيُّ، عَنْ قَتَادَةَ، عَنْ الله عَنْ سَمُرَةَ بْنِ جُنْدُبٍ، أَنَّ النَّبِيَّ - صلى الله عليه وسلم - قَالَ " إِذَا سَلَّمَ الْإِمَامُ فَرُدُّوا عَلَيْهِ " .

বাংলা

১/৯২১। সামুরা ইবনু জুনদুব (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ ইমাম যখন সালাম ফিরান, তোমরা তখন তার জবাব দিও।

English

It was narrated from Samurah bin Jundub that the Prophet (ﷺ) said: "When the Imam says the Salam, then respond to him."

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: আবূ দাউদ ১০০১

তাহকীক আলবানী: যঈফ। তাখরীজ আলবানী: জামি সগীর ৫৪৮ যঈফ, যঈফা ২৫৬৪, ইরওয়াহ, যঈফ আবূ দাউদ ১৭৮। উক্ত হাদিসের রাবী ১. ইসমাঈল বিন আয়াশ সম্পর্কে ইয়াহইয়া বিন মাঈন বলেন, আহলে শাম থেকে হাদিস বর্ণনায় কোন সমস্যা নেই। আলী ইবনুল মাদীনী, ইবনু আবু শায়বাহ, আমর ইবনুল ফাল্লাস ও দুহায়ম বলেন, শাম শহর থেকে হাদিস বর্ণনায় তিনি সিকাহ কিন্তু অন্য শহর থেকে হাদিস বর্ণনায় দুর্বল। ২. আবু বকর আল হুযালী সম্পর্কে আহমাদ বিন হাম্বল বলেন, তিনি দুর্বল। ইয়াহইয়া বিন মাঈন বলেন, তিনি সিকাহ নন। আলী ইবনুল মাদীনী তাকে দুর্বল বলেছেন। ইয়াকুব বিন সুফইয়ান ও আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি



पूर्वल।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ সামুরাহ ইবনু জুনদুব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন